গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ।
www.fisheries.trishal.mymensingh.gov.bd

স্মারক নং-৩৩.০২.৬১৯৪.৫০১.২৫.০০৩.২৬.৯৮ তারিখঃ ১২/০৫/২০২৬ খ্রি.

''নোটিশ''

এতদ্বারা সংশ্লিষ্ট সকল মৎস্য হ্যাচারি মালিক/হ্যাচারি পরিচালনার সাথে সংশ্লিষ্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৎস্য হ্যাচারি আইন, ২০১০ এর ধারা ৫ অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে নিবন্ধন গ্রহণ ব্যতীত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান মৎস্য হ্যাচারি স্থাপন বা পরিচালনা করতে পারবেন না। আইনের ধারা ৪ অনুযায়ী নিবন্ধনের মেয়াদ শেষ হওয়ার ৩০ (ত্রিশ) দিন পূর্বে নিবন্ধন নবায়ন করার বাধ্যবাধকতা রয়েছে। এব্যতীতও, মৎস্য হ্যাচারি বিধিমালা, ২০১১ অনুযায়ী প্রত্যেক হ্যাচারি পরিচালনাকারীকে নির্ধারিত শর্তাবলি মেনে বৈধ নিবন্ধন সনদ সংরক্ষণ এবং প্রয়োজনীয় ক্ষেত্রে যথাসময়ে নবায়ন করতে হবে।

২। আইনের ধারা ৬ ও ৭ অনুযায়ী মৎস্য প্রজাতির সংকরায়ন ও অন্ত:প্রজনন এবং ধারা ৯ অনুযায়ী নিবন্ধন সনদে উল্লিখিত অনুমোদিত রেণু/পোনা ব্যতীত অন্য কোন প্রজাতি কিংবা সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত প্রজাতির (পিরানহা, আফ্রিকান মাগুর ইত্যাদি) রেণু/পোনা উৎপাদন সম্পূর্ণভাবে নিষিদ্ধ ও এর মজুদ বা বাজারজাতকরণ থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সবাইকে বিশেষভাবে নির্দেশ দেওয়া হলো।

৩। উল্লেখ্য, ধারা ১৮ অনুযায়ী এই আইনের ধারা ৫,৬,৭ ও ৯ এর বিধান লঙ্ঘন করলে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান অনধিক ১ (এক) বছর কারাদন্ড অথবা ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা হতে সর্বোচ্চ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা অর্থদন্ড অথবা উভয় দন্ডে দন্ডিত হবেন। এই আইনের ধারা ৫,৬,৭ ও ৯ ব্যতীত অন্য কোন ধারা কিংবা এই আইনের অধীন প্রণীত কোন বিধান লঙ্ঘন করলে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা হতে সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা অর্থদন্ড অথবা উভয় দন্ডে দন্ডিত হবেন।

৪। অতএব, নিবন্ধনবিহীন, নবায়নবিহীন ও অবৈধভাবে পরিচালিত সকল মৎস্য হ্যাচারি মালিক/পরিচালকদের অবিলম্বে বৈধ নিবন্ধন গ্রহণ/নবায়ন সম্পন্ন করার এবং নিষিদ্ধ প্রজাতির মাছের রেণু/পোনা উৎপাদন কার্যক্রম সম্পূর্ণভাবে বন্ধ রাখার জন্য নির্দেশ দেওয়া যাচ্ছে। অন্যথায়, সংশ্লিষ্ট হ্যাচারির নিবন্ধন স্থগিত/বাতিলসহ প্রচলিত আইন ও বিধিমালা অনুযায়ী যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(সামসুজ্জামান মাসুম)
পরিচিতি নম্বরঃ ০০৭৫০
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
ত্রিশাল, ময়মনসিংহ।
মোবাইলঃ ০১৭৬৯৪৫৯৯০৩
ই-মেইলঃ sufotrishal@fisheries.gov.bd

প্রাপক,
...................................................
...................................................
...................................................

স্মারক নং-৩৩.০২.৬১৯৪.৫০১.২৫.০০৩.২৬.৯৮ তারিখঃ ১২/০৫/২০২৬ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলঃ
১। পরিচালক, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
২। জেলা মৎস্য কর্মকর্তা, ময়মনসিংহ।
৩। উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৪। সহকারী কমিশনার (ভূমি), ত্রিশাল, ময়মনসিংহ।
৫। অফিসার ইনচার্জ, ত্রিশাল থানা, ত্রিশাল, ময়মনসিংহ।
৬। চেয়ারম্যান/প্রশাসক,..............................ইউনিয়ন পরিষ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭। নোটিশ বোর্ড।
৮। সংশ্লিষ্ট নথি।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
ত্রিশাল, ময়মনসিংহ।